গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.১০.০০৫.১০-১২৫২ তারিখ: ০২/০৮/১৪২৭ বঙ্গাব্দ। ১৭/১১/২০২০ খ্রিস্টাব্দ।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, সভা কক্ষে গত ২৭/০৯/২০২০ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার, সকাল ১১০০ ঘটিকায় মেজর জেনারেল মিজানুর রহমান শামীম, বিপি, ওএসপি, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয় এর সভাপতিত্বে রেঞ্জ কমান্ডারগণের ৪৮তম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে ব্রিগেডিয়ার জেনারেল, এ কে এম আসিফ ইকবাল, এনডিসি, অতিরিক্ত মহাপরিচালক রেঞ্জ কমান্ডারগণের ত্রৈমাসিক সভার প্রক্রিয়া ও প্রয়োজনীয়তা সম্পর্কিত ব্যক্তব্য প্রদান করেন এবং উপ-মহাপরিচালক (প্রশাসন) কে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। উপ-মহাপরিচালক (প্রশাসন) সভার ক্রমধারা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য উপ-পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

২। উপ-মহাপরিচালক (প্রশাসন) মহোদয়ের নির্দেশক্রমে উপ-পরিচালক (প্রশাসন) সভার ক্রমধারা অনুযায়ী সভা পরিচালনা করেন। রেঞ্জ কমান্ডারগণ কর্তৃক প্রেরিত পয়েন্টস/এজেন্ডা সমূহের ওপর আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার পদ ২য় শ্রেণী হতে ১ম শ্রেণীতে উন্নীতকরণ।	ক। পুনরায় প্রস্তাব প্রেরণের কার্যক্রম গ্রহণ করতে হবে। খ। বাহিনীর পেন্ডিং বিষয়াদি দ্রুত অনুমোদন সম্পন্ন করণের লক্ষ্যে এ সংক্রান্ত গঠিত কমিটি মন্ত্রণালয়ের সাথে সমন্বয় পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।	প্রশাসন শাখা পরিচালক (সিএইচটি-অপস্)
২।	পদ সৃজন সংক্রান্ত।	উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহায়ক ও নৈশ প্রহরী পদ সৃজনের লক্ষ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা
৩।	গ্রেড উন্নীতকরণ সংক্রান্ত।	জেলা কমান্ড্যান্ট এর পদটিকে ৫ম গ্রেডে উন্নীতকরণের লক্ষে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা
৪।	মাঠ প্রশাসনে বদলীর ক্ষমতা প্রদান সংক্রান্ত।	বর্তমানে চলমান পদ্ধতিতে কার্যক্রম পরিচালিত হবে।	প্রশাসন শাখা
৫।	অন্যান্য শুন্যপদ পুরণ সংক্রান্ত।	ব্যাটালিয়ন আনসার নিয়োগ কার্যক্রম সম্পন্ন হলে অন্যান্য শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর শূন্যপদসমূহ পূরণের পদক্ষেপ গ্রহণ করা হবে।	পরিচালক (রেকর্ড)
৬।	স্থানীয় তহবিল এর মাসিক খরচের সিলিং বৃদ্ধিকরণ সংক্রান্ত।	বর্তমানে চলমান পদ্ধতিতে কার্যক্রম পরিচালিত হবে। তবে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে অর্থ শাখায় চাহিদা প্রেরণ করা যেতে পারে।	পরিচালক (অর্থ)
৭।	শটগান প্রদান সংক্রান্ত।	ক। একটি সুনির্দিষ্ট পরিকল্পনা করে সকল জেলার অনুকূলে শটগান বরাদ্দ দেয়ার কার্যক্রম গ্রহণ করতে হবে। খ। শটগান সমূহের যথাযথ ব্যবহার ও সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।	অপারেশনস্ পরিদপ্তর ও পরিচালক (প্রশাসন-কিউ)
৮।	হিল আনসার সদস্যদের ৭.৬২ মি:মি: চায়না রাইফেল প্রদান সংক্রান্ত।	ক। হিল আনসার সদস্যদের .৩০৩ রাইফেল এর পরিবর্তে ৭.৬২ মি:মি: চায়না রাইফেল প্রদানের বিষয়ে সেনাবাহিনী কর্তৃপক্ষের সাথে সভার মাধ্যমে মতামত গ্রহণ করতে হবে। ক। এ বিষয়ে অপারেশনস্ পরিদপ্তর বিস্তারিত পরিকল্পনা গ্রহণ পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে এবং এ বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	উপ-মহাপরিচালক (অপারেশনস্)

D:\Raju\Range Conference\48 Th\Regulation Final.docx

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৯।	জমি প্রাপ্তির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ অথবা সমঝোতা স্মারক সম্পন্নকরণ।	ক। স্থানীয় সরকার মন্ত্রণালয়ে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের অনুকূলে জমি বরাদ্দের সমঝোতা স্মারক প্রদানের লক্ষে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। খ। রেঞ্জ কমান্ডারগণ উপজেলা আনসার ভিডিপি কার্যালয়ের জন্য জমি নির্বাচন ও প্রাপ্তির লক্ষে ইউএনওদেরকে বাহিনীর গুরুত্ব ও কার্যপরিধি তুলে ধরবেন। জমি প্রাপ্তির জন্য ইউএনওগণের সাথে সমন্বয় করতে হবে।	রেঞ্জ পরিচালক (সকল), পরিচালক (এস্টেট সেল) ও ইউনিট প্রধান (সকল)
১০।	অস্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্যদের জন্য বার্ষিক **"সামগ্রীক মূল্যায়ন ফরম"** চালুকরণ সংক্রান্ত।	ক। অস্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্যদের চাকুরী স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত সামগ্রীক মূল্যায়ন প্রতিবেদন চালু করতে হবে। খ। মোতায়েনকৃত ব্যাটালিয়ন আনসার সদস্যদের সামগ্রীক মূল্যায়ন মোতায়েনকৃত কর্মস্থল হতে করতে হবে। গ। রেকর্ড ব্যাটালিয়ন শাখা অস্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্যদের জন্য মূল্যায়ন ফরম তৈরী করে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক সকল ব্যাটালিয়নে প্রেরণ নিশ্চিত করবে এবং এ বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ব্যাটালিয়ন অধিনায়ক (সকল) ও উপ-পরিচালক (ব্যাটালিয়ন)
১১।	ব্যাটালিয়ন আনসার স্থায়ীকরণ সংক্রান্ত।	ক। আনসার ব্যাটালিয়ন আইন-২০২০ অনুমোদিত হলে ব্যাটালিয়ন আনসারদের চাকুরী সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সম্পন্ন হওয়া সাপেক্ষে চাকুরী শূন্য বছরে স্থায়ী করা হবে। খ। আনসার ব্যাটালিয়ন আইন-২০২০ এ ব্যাটালিয়ন আনসারের দায়িত্ব কি হবে তা সুস্পষ্ট করণের জন্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় পূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (ব্যাটালিয়ন) পরিচালক (অপারেশনস্)
১২।	ব্যাটালিয়ন গমণাগমন সংক্রান্ত।	কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণে আসলে এবং অন্যান্য বাহিনী সমূহ গমণাগমণ শুরু করলে অত্র বাহিনীর ব্যাটালিয়ন গমণাগমনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপ-মহাপরিচালক (অপারেশনস্)
১৩।	অঙ্গীভূত আনসারের উচ্চতা ও শিক্ষাগত যোগ্যতা পুনঃনির্ধারনঃ সংক্রান্ত।	বর্তমানের চলমান প্রবিধান অনুসারে অংঙ্গীভূত আনসার নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। অঙ্গীভূত আনসার বাছাই করার সময় বিজ্ঞপ্তিতে অধিক শিক্ষিত ও অধিক উচ্চতাধারীদের অগ্রাধিকার দেয়ার বিষয়টি উল্লেখ করতে হবে।	পরিচালক (অঙ্গীভূতকরণ)
১৪।	সাধারণ আনসারদের শটগানের ফায়ারিং অনুশীলন রেঞ্জের তত্ত্বাবধানে জেলা পর্যায়ে সম্পন্ন করা।	প্রশিক্ষণ নির্দেশিকা অনুযায়ী রেঞ্জ কমান্ডার এর সাথে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগণ প্রশিক্ষণার্থীর সংখ্যা, প্রশিক্ষণের স্থান ইত্যাদি বিষয়ে সমন্বয় পূর্বক শটগান ফায়ারিং অনুশীলন সম্পন্ন করবেন।	রেঞ্জ কমান্ডার (সকল)
১৫।	আনসার-ভিডিপি ক্লাব সমিতি সক্রিয়করণ।	ক। সকল ক্লাব-সমিতির জমি মহাপরিচালক মহোদয়ের পদবীতে নামজারী করার ব্যবস্থা করতে হবে। খ। সকল রেঞ্জ কমান্ডারগণকে ক্লাব সমিতিকে পুণঃউজ্জীবিত করার জন্য পদক্ষেপ নিতে হবে। গ। পুনরায় সকল ক্লাব সমিতির নামের তালিকা তৈরী করতে হবে বেদখলকৃত ক্লাব সমূহ উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ) নির্দেশনা প্রদান করবেন এবং এ বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ) ও রেঞ্জ কমান্ডার (সকল)
১৬।	ভিডিপি প্রশিক্ষণের মেয়াদ সংক্রান্ত।	ক। গ্রাম ভিত্তিক ভিডিপি প্রশিক্ষণ ১০ দিন মেয়াদেই হবে কিন্তু ১০ দিনের প্রশিক্ষণ সনদপত্র দিয়ে ১০% সরকারী চাকুরীর কোটা প্রাপ্য হবেন না। খ। পরবর্তীতে প্রশিক্ষণ সনদ ছাপানোর সময় ১০ দিনের ভিডিপি মৌলিক প্রশিক্ষণ সনদপত্রের নিচের দিকে "১০% কোটা প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে এবং অত্রসহ ২৮ দিনের মৌলিক প্রশিক্ষণ সনদপত্রের নিচের দিকে "১০% কোটা প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য" উল্লেখ করতে হবে	উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ) --ঐ-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়কারী
১৭।	AVURP সক্রিয়করণ সংক্রান্ত।	ক। ২০১৭ সালে শুরু করা সফটওয়্যার ভিত্তিক ভিডিপি সদস্যদের ডাটাবেজ তৈরীর কাজ পূণরায় শুরু করতে হবে। খ। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রান্তিক পর্যায়ের ইউনিট পূণর্গঠনের লক্ষ্যে নির্মিত সফটওয়্যার AVURP (Ansar VDP Unit Reform Project) System টি সিলেট রেঞ্জে পাইলটিং করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	অ্যাডমিনিস্ট্রেটর (আইসিটি)
১৮।	মহাপরিচালক মহোদয়ের নির্দেশনাঃ	ক। ১৫ টি মডেল ব্যাটালিয়নের কি কি সমস্যা তা চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা করতে হবে। রেঞ্জ কমান্ডারগণের আগামী সভায় উক্ত সমস্যাসমূহ একত্রিত করে সভায় উপস্থাপন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী
		খ। এসএম ব্যারাক কেমন হবে তার মতামত নিয়ে প্রয়োজন অনুসারে ভবিষ্যত পরিকল্পনা তৈরী করে কাজ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী
		গ। রেঞ্জ কমান্ডারগণের ২৯তম সভা আগামী ডিসেম্বর-২০২০ খ্রিঃ এর ১ম সপ্তাহে খুলনা রেঞ্জে আয়োজনের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন শাখা
		ঘ। নিবার্হী প্রকৌশলী একাডেমিতে কি কি স্থাপনা তৈরী করতে হবে তার জন্য একটি মাস্টার প্ল্যান তৈরী করবেন। কমাড্যান্ট, আনসার ভিডিপি একাডেমি তার তালিকা প্রেরণ করবেন।	কমান্ড্যান্ট, একাডেমি ও নির্বাহী প্রকৌশলী
		ঙ। আনসার বাহিনীর ইতিহাস শুরুতে সবাইকে জানাতে হবে। প্রতিটি সদস্যকে আমাদের গর্বের স্থানগুলো সম্পর্কে অবহিত করতে হবে।	রেঞ্জ কমান্ডার (সকল)
		চ। ব্যক্তিগত স্বার্থ পরিহার করে বাহিনীর সুনাম বৃদ্ধি ও গৌরব অর্জনের লক্ষে সকলকে যার যার অবস্থানে থেকে দায়িত্ব পালন করতে হবে। বাহিনীর কোন সদস্য বিড়ম্বনার শীকার হলে সাথে সাথে তার প্রতিকার করতে হবে। বাহিনীর সকল সদস্যদের নিরাপত্তার বিষয়টি সকলকে নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)
		ছ। অন্যান্য বাহিনী ও দপ্তরের সাথে ভালো সম্পর্ক তৈরী করতে হবে যাতে এ বাহিনীর ভবিষ্যত প্রজন্ম ভালো কিছু পেতে পারে। সকল কর্মকর্তাগণ তার অধীনস্থদের সাথে ভালো সম্পর্ক তৈরী করার বিষয়ে সচেষ্ট থাকবেন।	-ঐ-
		জ। আমাদের প্রোফাইল আমরা নিজেরাই তৈরী করি। একদিনে নিজের প্রোফাইল তৈরী হয়ে যায় না। তাই নিজের প্রোফাইলকে শক্তিশালী করতে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে।	-ঐ-
		ঝ। নিজেদের প্রতিশ্রুতিসমূহ বাস্তাবায়ন করতে হবে। সব কিছুর একটি সুনির্দিষ্ট পরিকল্পনা করে দলীয়ভাবে কাজ করতে হবে যাতে অধিক সফলতা অর্জন করা যায়।	রেঞ্জ কমান্ডার (সকল)
		ঞ। ব্যাটালিয়ন আনসার একটি প্যারামিলিটারি বাহিনী। এর সংখ্যা বৃদ্ধি ও সুনির্দিষ্ট দায়িত্বের বিষয়ে কাজ করতে হবে।	
		ট। সম্পতি পুলিশ হতে প্রত্যাহারকৃত ব্যাটালিয়ন আনসার সদস্যদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। ভবিষ্যতে ব্যাটালিয়ন আনসার মোতায়েনের ক্ষেত্রে বাহিনীর মর্যাদা ও সদস্যদের সম্মানের বিষয়টি অধিক গুরুত্ব দিতে হবে।	
		ঠ। বাহিনীর সকল প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	প্রশিক্ষণ পরিদপ্তর
		ড। নিয়মিত দরবার এর মাধ্যমে অধীনস্থদের সুবিধা-অসুবিধা সমূহ চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা নিতে হবে।	ইউনিট কমান্ডার (সকল)

৩। পরিশেষে বাহিনীর উন্নতির লক্ষ্যে কাজ করার প্রতিশ্রুতি জানিয়ে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে রেঞ্জ কমান্ডারগণের ৪৮তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তঃ সভায় উপস্থিত কর্মকর্তাদের নামীয় তালিকা-০১ (এক) পাতা।

মোহাম্মদ নূরুল আমিন
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.১০.০০৫.১০-২২৫২

তারিখ: ০২/০৬/১৪২৭ বঙ্গাব্দ।
১৭/১১/২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১।	মহাপরিচালকের সচিবালয় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	সদয় অবগতির জন্য
২।	অতিরিক্ত মহাপরিচালক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।
৩।	কমান্ড্যান্ট, আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।	,,
৪।	উপ-মহাপরিচালক (প্রশাসন, অপারেশনস্ ও প্রশিক্ষণ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	,,
৫।	উপ-মহাপরিচালক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা ও চট্টগ্রাম রেঞ্জ।	,,
৬।	পরিচালক (সকল).. বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।	অবগতি ও কার্যক্রমের জন্য।
৭।	রেঞ্জ কমান্ডার (সকল) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.................রেঞ্জ.............।	,,
৮।	পরিচালক, ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার।	অবগতি ও কার্যক্রমের জন্য।
৯।	ব্যাটালিয়ন অধিনায়ক ....আনসার ব্যাটালিয়ন...।	,,
১০।	পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা।	,,

১১। নির্বাহী প্রকৌশলী, উপ-পরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। ,,

১২। অ্যাডমিনিষ্ট্রেটর, আইসিটি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ওয়েব সাইটে প্রদর্শনের জন্য।

১৩। উপ-পরিচালক (সকল) ....। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। ,,

১৪। জেলা কমান্ড্যান্ট (সকল) অবগতি ও কার্যক্রমের জন্য। জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কার্যালয়...................................। ,,

১৫। জোন অধিনায়ক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল) ....। ,,

১৬। সহকারী পরিচালক (সংশ্লিষ্ট) ....। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। ,,

১৭। অধিনায়ক, ভিটিসি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা ও গাজীপুর। ,,

১৮। গণসংযোগ কর্মকর্তা, বাজেট কর্মকর্তা ও সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। ,,

১৯। কন্ট্রোল ও অফিস কক্ষ।

পরিচালক (প্রশাসন)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামীয় তালিকা

ক্রঃনং	নাম ও পদবী	ক্রঃনং	নাম ও পদবী
১.	ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম আসিফ ইকবাল, এনডিসি অতিরিক্ত মহাপরিচালক	১৯.	মোঃ আশরাফুল আলম পরিচালক, বরিশাল, রেঞ্জ, বরিশাল।
২.	কর্নেল মোহাম্মদ রফিকুল হাসান, পিএসসি উপ-মহাপরিচালক (প্রশাসন)	২০.	মোঃ জিয়াউল হাসান পরিচালক, ৬ আনসার ব্যাটালিয়ন, জারিয়া, পূর্বধলা, নেত্রকোনা।
৩.	মোঃ সামছুল আলম উপ-মহাপরিচালক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম।	২১.	মোহাঃ ইয়াছিন আরাফাত পরিচালক (উন্নয়ন), আনসার-ভিডিপি একাডেমি।
৪.	নিমাই কুমার দাস ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্ব) আনসার ও ভিডিপি একাডেমি	২২.	মুহাম্মদ সাজ্জাদুর রহমান পরিচালক, ঢাকা রেঞ্জ, ঢাকা।
৫.	মাহবুব উল ইসলাম উপ-মহাপরিচালক (অপারেশনস্)	২৩.	জাহানারা আক্তার পরিচালক (সিএইচটি-অপস্)
৬.	মোঃ শাহবুদ্দিন উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ)	২৪.	মুহাম্মদ নূরে আলম সিদ্দিকী পরিচালক (অর্থ)
৭.	কাজী সাখাওয়াত হোসেন পরিচালক (অঙ্গীভূতকরণ)	২৫.	মোহাম্মদ আছলাম সিকদার পরিচালক, ১০ আনসার ব্যাটালিয়ন
৮.	পবিত্র কুমার সাহা পরিচালক (ভিডিপি-প্রশিক্ষণ)	২৬.	মোহাম্মদ নুরুল আমিন পরিচালক (প্রশাসন)
৯.	মোল্লা আমজাদ হোসেন পরিচালক, খুলনা রেঞ্জ, খুলনা।	২৭.	মুনতাসির মামুন নির্বাহী প্রকৌশলী
১০.	মোঃ নুরুল হাসান ফরিদী পরিচালক (ক্রীড়া ও সংস্কৃতি)	২৮.	ডাঃ আরিফ আনওয়ার তত্ত্বাবধায়ক, আনসার ভিডিপি হাসপাতাল
১১.	এ কে এম জিয়াউল আলম পরিচালক, রংপুর রেঞ্জ, রংপুর।	২৯.	নাজমুল হক নুরনবী উপ-পরিচালক (ব্যাটালিয়ন)
১২.	মোঃ শফিকুল ইসলাম পরিচালক, (অস্ত্র চালনা প্রশিক্ষণ), আনসার-ভিডিপি একাডেমি	৩০.	সৈয়দ ইফতেহার আলী উপ-পরিচালক (প্রকল্প-প্রশিক্ষণ)
১৩.	মোঃ সাইফুল্লাহ্ রাসেল পরিচালক (প্রশাসন-কিউ)	৩১.	মোঃ আলমগীর শিকদার উপ-পরিচালক (প্রশাসন)
১৪.	শাহ আহমদ ফজলে রাব্বী পরিচালক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।	৩২.	এস.এম. মুজিবুল হক পাভেল উপ-পরিচালক (মনিটরিং)
১৫.	মোঃ আব্দুস সামাদ পরিচালক, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা।	৩৩.	নবকুমার বিশ্বাস উপ-পরিচালক (প্রশাসন-উইং)
১৬.	মোঃ রফিকুল ইসলাম পরিচালক, সিলেট রেঞ্জ, সিলেট।	৩৪.	আরিফ বিন জলিল উপ-পরিচালক (প্রশাসন) আনসার ভিডিপি একাডেমী
১৭.	কামরুন নাহার পরিচালক (রেকর্ড)	৩৫.	মোঃ সেফাউল হোসেন উপ-পরিচালক (সমন্বয়)
১৮.	ড. মোঃ সাইফুর রহমান পরিচালক (অপারেশনস্)	৩৬.	মোঃ রাশেদ বিন মামুন সহকারী পরিচালক (প্রশাসন)

২/১২/২০২০
পরিচালক (প্রশাসন)